দৈনিক জনকণ্ঠ

6

তারিখ 29 MAR 1998
পৃষ্ঠা ১২ কলাম ২



ভর্তিযুদ্ধ—বুয়েটে ৭২৫ আসনের জন্য ৪৫২৬ জন ভর্তি পরীক্ষায় অংশ নেয় —মীর ফরিদ

# বুয়েটে শান্তিপূর্ণভাবে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

**বুয়েট রিপোর্টার ॥** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ১৯৯৭-৯৮ সেশনের ভর্তি পরীক্ষায় প্রকৌশল অনুষদের প্রতিটি আসনের জন্য গড়ে প্রায় সাতজন পরীক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করেছে। অপরপক্ষে স্থাপত্য বিভাগের প্রতিটি আসনের জন্য ২৬ জন প্রতিদ্বন্দ্বিতা করেছে। গতকাল শনিবার প্রকৌশল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শান্তিপূর্ণভাবে এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

পরীক্ষা চলাকালে ক্যাম্পাসে কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। তবে শুক্রবার গভীর রাতে বিশ্ববিদ্যালয়ের মেইন গেট থেকে ছাত্রদলের একটি ব্যানার কে যেন ছিড়ে নিয়ে গেছে। ছাত্রদল এ ঘটনার নিন্দা জানিয়েছে। পরীক্ষা শেষে সব সংগঠন নবাগত ছাত্রছাত্রীদের শুভেচ্ছা জানিয়ে মিছিল বের করে। এদিকে ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করে বিরাজমান সঙ্কটের অবসান হলেও স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীদের কোর্স রেজিস্ট্রেশন কবে থেকে হবে তা এখনও নিশ্চিত করা হয়নি। একজন শিক্ষক জানালেন, একাডেমিক কাউন্সিল নতুন করে সময় দিলে তারা কোর্স রেজিস্ট্রেশন করতে পারবে। কিন্তু ঈদের ছুটির আগে একাডেমিক কাউন্সিলের বৈঠক হবার সম্ভাবনা খুব কম। ঈদের আগে স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীদের কোর্স রেজিস্ট্রেশন না হলে তারা এক টার্ম অর্থাৎ ছ'মাস পিছিয়ে যাবে। আগামী ৩ এপ্রিল থেকে ঈদের ছুটি হবে।